দৈনিক খবর

তারিখ ... 17 FEB 1989
পৃষ্ঠা ... ৬ ... কলাম ৬ ...

(2)

12

পৌনে চারশ' শিক্ষকের পদ শূন্য

পাবর্তীপুর (দিনাজপুর), ১৫ই ফেব্রুয়ারী (সংবাদদাতা)।- বৃহত্তর দিনাজপুর জেলার ২৩টি উপজেলায় ১ হাজার ৫শ' ৫৫টি সরকারী প্রাথমিক বিদ্যালয়সমূহে ৩শ' ৭১টি শিক্ষকের পদ দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে।

দিনাজপুর জেলার ১৩টি উপজেলায় ৩৯টি প্রধান শিক্ষকের পদ ও ১৩০টি সহকারী শিক্ষকের পদ খালি রয়েছে। ঠাকুরগাঁও জেলার ৫টি উপজেলায় ১১টি প্রদান শিক্ষকের পদ ও ৪৯টি সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে। পঞ্চগড় জেলার ৫টি উপজেলায় ২৫টি প্রধান শিক্ষকের পদ ও ১১৭টি সহকারী শিক্ষকের পদ দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে।

প্রাথমিক শিক্ষা বিভাগের একটি তথ্যে জানা গেছে, ঠাকুরগাঁও ও পঞ্চগড় এ ৩টি জেলার শিশুদের সংখ্যা হচ্ছে ১০ লক্ষ ৯৭ হাজার ৬৪ জন। এর মধ্যে শিক্ষা লাভের সুযোগ পেয়েছে ২ লাখ ৯৭ হাজার ৯শ' ৩ জন। ৭ লাখ ৯৯ হাজার ১শ' ৬১ জন শিশু প্রাথমিক শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত। প্রয়োজনীয় সংখ্যক শিক্ষকের অভাবে ৩টি জেলার প্রাথমিক শিক্ষা বর্তমানে মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে।